ক্ষমতা হস্তান্তর হবে গণতান্ত্রিক পন্থায়ই: আসিফ মাহমুদ



উপদেষ্টা আসিফ মাহমুদ: সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেছেন, ক্ষমতা হস্তান্তরের একমাত্র পথ হচ্ছে গণতান্ত্রিক প্রক্রিয়া। তিনি সতর্ক করে বলেন, অন্য কোনো উপায়ে ক্ষমতা দখলের যে কোনো অপচেষ্টা কঠোর প্রতিরোধের মুখে পড়বে।

সোমবার (২৮ জুলাই) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

পোস্টে তিনি লেখেন, “ক্ষমতা কার হাতে যাবে, তা নির্ধারিত হবে কেবল জনগণের ভোটে। গণতান্ত্রিক প্রক্রিয়ার বাইরে ক্ষমতা দখলের সব ষড়যন্ত্র ৫ আগস্টের মতোই জনগণের প্রতিরোধে ব্যর্থ হবে।”

বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে আসিফ মাহমুদের এই বক্তব্যকে তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। চলমান উত্তেজনার মধ্যেও সরকার যে সাংবিধানিক ও শান্তিপূর্ণ পন্থায় ক্ষমতা পরিবর্তনের অঙ্গীকারে অটল রয়েছে, এই বক্তব্য তারই ইঙ্গিত বহন করছে।

LENS ASIA